যুগান্তর

তারিখ ..03 MAR 2016....
পৃষ্ঠা ..১৭.. কলাম ..৬....

# ১২৫টি আইসিটি ট্রেনিং সেন্টার উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী

**যুগান্তর ডেস্ক**

শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে ব্যানবেইস কর্তৃক নির্মিত উপজেলা আইসিটি ট্রেনিং অ্যান্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশনের (ইউআইটিআরসিই) ভবন উদ্বোধন করা হয়েছে। বুধবার প্রধানমন্ত্রী শেখ হাসিনা সারা দেশে একযোগে ভিডিও কনফারেন্সের মাধ্যমে ১২৫টি ইউআইটিআরসিইর ভবন উদ্বোধন ঘোষণা করেন। উদ্বোধন শেষে বিভিন্ন উপজেলায় আলোচনা সভা ও মিলাদের আয়োজন করা হয়। যুগান্তর প্রতিনিধিদের পাঠানো খবর—

**ভাণ্ডারিয়া :** ভাণ্ডারিয়া উপজেলা পরিষদ চত্বরে ইউআইটিআরসিইর ভবন উদ্বোধনের সময় উপজেলা চেয়ারম্যান আতিকুল ইসলাম উজ্জ্বল, ইউএনও মো. রুহুল কুদ্দুস, উপজেলা ভাইস চেয়ারম্যান মিরাজুল ইসলাম, আসমা আক্তার, মো. কামরুজ্জামান তালুকদার, মো. জহিরুল আলম প্রমুখ উপস্থিত ছিলেন।

**চৌদ্দগ্রাম :** চৌদ্দগ্রামে ভিডিও কনফারেন্সে ইউআইটিআরসিইর ভবন উদ্বোধনের সময় উপস্থিত ছিলেন চট্টগ্রাম বিভাগীয় কমিশনার রুহুল আমিন, জেলা প্রশাসক হাসানুজ্জামান কল্লোল, পুলিশ সুপার শাহ আবিদ হোসেন, অতিরিক্ত জেলা প্রশাসক আজিজুর রহমান, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সামছুদ্দিন চৌধুরী সেলিম, পৌর মেয়র মিজানুর রহমান, ইউএনও সাইদুর রহমান, উপজেলা ভাইস চেয়ারম্যান, রাশেদা আখতার, জাহিদুল ইসলাম, জিএম মীর হোসেন মীরু প্রমুখ।

**পূর্বধলা (নেত্রকোনা) :** পূর্বধলা উপজেলা সদরে নির্মিত ইউআইআরটিসিই ভবনের ফলক উন্মোচন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান জাহিদুল ইসলাম সুজন, ইউএনও মোস্তারী কাদেরী, অধ্যক্ষ শহীদুল্লাহ খান, অধ্যক্ষ আতিকুর রহমান, মো. নিজাম উদ্দিন, হাসান ইমাম, সুধাংশু শেখর তালুকদার প্রমুখ।

**মির্জাপুর (টাঙ্গাইল) :** টাঙ্গাইলের মির্জাপুরে ইউআইটিআরসিইর ভবন উদ্বোধনের সময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সড়ক পরিবহন এবং সেতু মন্ত্রণালয়সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি বীর মুক্তিযোদ্ধা আলহাজ মো. একাব্বর হোসেন। ইউএনও মো. মাসুম আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য দেন মো. জাকির হোসেন মোল্লা, মীর এনায়েত হোসেন মন্টু, মীর শরীফ মাহমুদ প্রমুখ।

**মাদারীপুর :** মাদারীপুরের কালকিনিতে ইউআইটিআরসিইর ভবন উদ্বোধন উপলক্ষে ভবনটির চত্বরে এক সুধী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। এ সময় উপস্থিত ছিলেন আ ফ ম বাহাউদ্দিন নাছিম এমপি, উপজেলা চেয়ারম্যান তৌফিকুজ্জামান শাহীন, আওয়ামী লীগের সভাপতি অধ্যাপিকা তাহমিনা সিদ্দিকী, সাকিলুর রহমান সোহাগ তালুকদার, এনায়েত হোসেন হাওলাদার, কাজী নাসরিন প্রমুখ।

**বাগেরহাট :** মোরেলগঞ্জে উপজেলা ইউআইটিআরসিইর ভবন উদ্বোধনের সময় প্রধান অতিথি হিসেবে ডা. মোজাম্মেল হোসেন এমপি, ইউএনও মুহাম্মদ ওবায়দুর রহমান, মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আবদুল হান্নান, আজমীন নাহার প্রমুখ উপস্থিত ছিলেন।